

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আমরা সম্প্রতি আপনার সন্তানের ক্লাসরুমে বেড বাগের নমুনা পেয়েছি। বেড বাগ জ্বালাতনকারী, তবে তাদের কামড়ে অসুখ ছড়ায় বলে জানা যায়নি। এরা সাধারণত রাতে তৎপর হয়ে ওঠে এবং রক্ত খেয়ে বেঁচে থাকে। কামড় শুরুতে ব্যথাহীন হয়; কিন্তু পরে ফুলে উঠতে এবং চুলকাতে পারে, অনেকটা মশার কামড়ের মত। নিজের বা সন্তানের ব্যাপারে আপনার যদি দুর্ভাবনা থাকে তাহলে আপনার উচিত হবে ডাক্তারের সাথে যোগাযোগ করা।

বেড বাগের উৎস প্রায়শ নির্ধারণ করা সম্ভব হয় না কেননা নানা জায়গা থেকে বেড বাগ আসতে পারে, যেমন হোটেল, প্লেন এবং মুভ থিয়েটার। যদিও স্কুলে বেড বাগ ছিড়িয়ে পড়ার সম্ভাবনা খুবই কম, ডিপার্টমেন্ট অব এডুকেশন বিষয়টি খতিয়ে দেখবে এবং দরকার হলে যেখানে বেড বাগ পাওয়া গেছে সেখানে ওষুধ দেবে।

ডিপার্টমেন্ট অব এডুকেশন বেড বাগ শনাক্ত করার জন্য চেষ্টা অব্যাহত রাখবে, স্কুলগুলোতে অনুসন্ধানের ব্যবস্থা নেবে এবং সমস্যা পাওয়া গেলে কীট নিয়ন্ত্রণে লাইসেন্সধারী বিশেষজ্ঞকে দিয়ে কামরাগুলোয় ওষুধ ছড়াবে।

আপনার সন্তানের স্কুলে বেড বাগ নিয়ে আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে এই অফিসে যোগাযোগ করুন। আর আপনার বাড়িতে বেড বাগ পাওয়া নিয়ে কোন প্রশ্ন থাকলে আরও সাহায্যাভার জন্য অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।

বিশ্বস্ত,

প্রিন্সিপ্যাল